

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৬৭
তেলিয়ামুড়া, ১২ জানুয়ারি, ২০২৪

তেলিয়ামুড়ায় লিগ্যাল মেট্রোলজি পরিদর্শক কার্যালয়ের উদ্বোধন

রাজ্য সরকার স্বচ্ছ নীতি নিয়ে জনকল্যাণে কাজ করছে : খাদ্যমন্ত্রী

সমাজের অস্তিম ব্যক্তি যেন অন্ন, বস্ত্র, বাসস্থান পেয়ে সম্মানের সঙ্গে বেঁচে থাকতে পারে সেই লক্ষ্য নিয়েই কেন্দ্র ও রাজ্য সরকার কাজ করছে। রাজ্য সরকার জাতপাত, ধর্ম বর্ণের উর্ধ্বে উঠে সব অংশের মানুষের কল্যাণে কাজ করছে। আজ তেলিয়ামুড়ার পুরনো টিআরটিসি কার্যালয় সংলগ্ন স্থানে লিগ্যাল মেট্রোলজি পরিদর্শকের কার্যালয় ও ওয়ার্কিং স্ট্যান্ডার্ড ল্যাবেরটোরির উদ্বোধন করে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। খাদ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার স্বচ্ছ নীতি নিয়ে জনকল্যাণে কাজ করছে। মানুষ যেন প্রতারিত, বঞ্চিত না হন সেদিকে সজাগ থাকতে হবে। অনুষ্ঠানে তিনি আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলার কাজে সবাইকে এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

অনুষ্ঠানের প্রধান অতিথি ত্রিপুরা বিধানসভায় সরকারি মুখ্য সচিব বিধায়ক কল্যাণী সাহা রায় বলেন, রাজ্য সরকার চায় ক্রেতারা যেন প্রতারিত না হন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন লিগ্যাল মেট্রোলজি দপ্তরের কন্ট্রোলার নির্মল অধিকারী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, প্রাক্তন চেয়ারপার্সন নীতিন সাহা, তেলিয়ামুড়া মার্চেন্ট অ্যাসোসিয়েশনের সভাপতি কৃষ্ণধন দাস প্রমুখ। উল্লেখ্য, তেলিয়ামুড়ায় লিগ্যাল মেট্রোলজি পরিদর্শকের কার্যালয় ও ওয়ার্কিং স্ট্যান্ডার্ড ল্যাবেরটোরি নির্মাণে ব্যয় হয়েছে ৫০ লক্ষ টাকা।
